# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৬.২৩-৬৩

তারিখঃ ৩০/০৫/১৪৩২ বঙ্গাঃ
১৪/০৯/২০২৫ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব রুহুল আমিন ভূঁইয়া (আইডি নং-৮৪১২৩১০১০), হিসাব করণিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে দপ্তরে অননুমোদিত অনুপস্থিত থাকা এবং কাজে অবহেলা, উদাসীনতা ও অমনোযোগিতার অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা ২০১৩ প্রবিধান ৪৮(ক), (খ) ও (গ) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের অভিযোগে কার্যধারা সূচনা করতঃ অভিযোগনামাটি রেজিস্টার ডাকযোগে তার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ পূর্বক তার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য তাকে অনুরোধ করা হয়। নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও তার নিকট থেকে জবাব পাওয়া যায় নি এবং জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিরও কোন আবেদন করেনি। তৎপ্রেক্ষিতে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে জনাব রুহুল আমিন ভূঁইয়া (আইডি নং-৮৪১২৩১০১০), হিসাব করণিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে অনুমোদন ব্যতীত দপ্তরে অনুপস্থিত থাকা এবং কাজে অমনোযোগিতার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮ (গ) অনুযায়ী পলায়নের সামীল এবং উক্ত প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ হতে তার ওপর বাপাউবো'র চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরবর্তীতে বর্ণিত কর্মচারীর উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে কেন আরোপ করা হবে না, এ বিষয়ে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। এছাড়াও কারণ দর্শানোর নোটিশটি ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েব সাইটেও প্রকাশ করা হয়। কারণ দর্শানোর নোটিশ প্রেরণের প্রেক্ষিতে উক্ত কর্মচারীর ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও উক্ত বিষয়ে তার কোন জবাব পাওয়া যায়নি।

৫। জনাব রুহুল আমিন ভূঁইয়া (আইডি নং-৮৪১২৩১০১০), হিসাব করণিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ এর বিরুদ্ধে আনীত তার উপর চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশের অদ্যাবধি জবাব প্রদান না করা এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ অনুমোদন ব্যতীত দপ্তরে অনুপস্থিত থাকা এবং কাজে অমনোযোগিতা, সর্বপরি উক্ত কর্মচারী বিগত ০১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা বাপাউবো চাকুরি প্রবিধানমালা ২০১৩ প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) অনুযায়ী দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং পলায়নের সামীল। এতদপেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৫/২০২৩খ্রি: থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব রুহুল আমিন ভূঁইয়া (আইডি নং-৮৪১২৩১০১০), হিসাব করণিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর চাকরি হতে 'বরখাস্ত' (dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৭। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৪/৯/২৫

(মোঃ খুরশীদ আলম)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৭০১০১০১৯

অঃ পৃঃ দ্রঃ

E:\Zakir pc\Zakir, S-1\order.s-1\Kisorganj.doc7

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৬.২৩-৬৩(১২)

তারিখঃ ৩০/০৫/১৪৩২ বঙ্গাঃ
১৪/০৯/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
৩. পরিচালক, কর্মচারী পরিদপ্তর/হিসাবরক্ষণ পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ।
৭. সহকারী পরিচালক (অহিনি), আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ময়মনসিংহ।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পূর্ব রিজিওন) বাপাউবো, ঢাকা।
৯. জনাব রুহুল আমিন ভূঁইয়া, হিসাব করণিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ/ প্রযত্নে পিতাঃ মোঃ আব্দুল বাড়ি ভূঁইয়া, গ্রামঃ কুলগড়িয়া, ডাকঘরঃ কামারগাঁও, উপজেলাঃ নান্দাইল, জেলাঃ ময়মনসিংহ ।

১৪/০৯/২০২৫

(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক
পরিচিতি নং-৬৯১২১১০০১

E:\Zakir pc\Zakir, S-1\order.s-1\Kisorganj.doc8